# রূপগঞ্জে ২৪ ঘণ্টায় কার্যক্রম নিষিদ্ধ আ. লীগের ৫ ঝটিকা মিছিল, গ্রেপ্তার ১৪




ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে গত ২৪ ঘণ্টায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের ব্যানারে পাঁচটি ঝটিকা মিছিলের খবর পাওয়া গেছে। এসব ঘটনায় এখন পর্যন্ত ১৪ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মিছিলগুলোতে বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা নেতৃত্ব দিয়েছেন বলে জানা গেছে।

সোমবার (১৮ সেপ্টেম্বর) রাতে উপজেলার বিভিন্ন এলাকায় এসব মিছিল অনুষ্ঠিত হয়। এর মধ্যে রূপগঞ্জ উপজেলা নিষিদ্ধ ঘোষিত যুবলীগের উদ্যোগে একটি বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল বের করা হয়।

এ ছাড়া উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ফরিদ ভূইয়া মাসুমের নেতৃত্বে দুটি, সাবেক উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সভাপতি মাসুম চৌধুরী অপুর নেতৃত্বে একটি, নিষিদ্ধ ঘোষিত যুবলীগ নেতা কামরুজ্জামান হীরার নেতৃত্বে একটি এবং উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের প্রথম সাংগঠনিক সম্পাদক মামুন অর রশিদের নেতৃত্বে একটি মিছিলের তথ্য পাওয়া গেছে।

LENS ASIA

এসব মিছিল থেকে নিষিদ্ধ ঘোষিত বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানসহ জাতীয় নেতৃবৃন্দ ৭জনের মৃত্যুদন্ড রায়ের বিরুদ্ধে প্রতিবাদ, মামলা প্রত্যাহার এবং ২০ সেপ্টেম্বরের ঢাকা লকডাউন কর্মসূচি সফল করার আহ্বান জানানো হয়।

নারায়ণগঞ্জের ' গ' সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার মেহেদী ইসলাম বলেন, ঝটিকা মিছিলের খবর পাওয়ার পর পুলিশ ইতোমধ্যে ১৪ জনকে গ্রেপ্তার করেছে। মিছিলে অংশ নেওয়া অন্যদেরও শনাক্ত করার চেষ্টা চলছে এবং তাদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এলাকায় পুলিশের টহল জোরদার করা হয়েছে। শনাক্ত ব্যক্তিদের আইনের আওতায় আনা হবে।